

## 💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্গলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

## তায়াম্মুম করার বিধান ও পদ্ধতি

তায়াম্মুম করার সময় তিনি মাটিতে একবার হাত লাগিয়েই মুখমণ্ডল এবং উভয় হাত মাসাহ করতেন। যেই যমীনের উপর তিনি সলাত পড়তেন তাতেই তিনি তায়াম্মুম করতেন। শুকনো মাটি, বা বেলে মাটি এবং কাদাসহ সকল শ্রেণীর মাটি দিয়েই তায়াম্মুম করা বৈধ। সহীহ সূত্রে নাবী (ﷺ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেছেন-আমার উম্মাতের কোন ব্যক্তির নিকট যখনই সলাতের সময় উপস্থিত হবে তখন তার সাথেই রয়েছে মসজিদ ও সলাতের জন্য পবিত্রতা অর্জনের উপকরণ তথা তায়াম্মুমের জন্য মাটি বা মাটি জাতীয় বস্তু। রসূল (ﷺ) এবং তাঁর সাথীগণ যখন তাবুক যুদ্ধে বের হলেন তখন মরুভূমির বালুময় দীর্ঘ পথ অতিক্রম করেছেন। তাদের সাথে অতি সামান্য পরিমাণ পানি ছিল। তিনি এই সফরে সাথে মাটি নিয়েছিলেন বা মাটি সাথে রাখার আদেশ দিয়েছিলেন বলে কোন কিছুই বর্ণিত হয়নি। তাঁর কোন সাহাবীও এমনটি করেননি। যে ব্যক্তি এ বিষয়ে চিন্তা করবে সে নিশ্চিতভাবে বুঝতে সক্ষম হবে যে, নাবী (ﷺ) বালি দিয়েই তায়াম্মুম করতেন। প্রত্যেক সলাতের জন্য নতুনভাবে তায়াম্মুম করেনেনি বা তা করার আদেশ দেন নি। বরং তিনি সাধারণতঃ তায়াম্মুম করেছেন এবং তাকে ওয়ূর স্থলাভিষিক্ত করেছেন। এতে বুঝা যাচ্ছে ওয়ূর হুকুম-আহকাম তায়াম্মুমের ক্ষেত্রেও প্রযোজ্য। ব্যতিক্রম কিছু থাকলে অবশ্যই তা বর্ণিত হত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3733

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন